

হিসেব

কতটুকু ভালোবাসা দিলে,  
ক তোড়া গোলাপ দিলে,  
কতটুকু সময়, কতটা সমুদ্র দিলে,  
কটি নির্ঘুম রাত দিলে, ক ফোঁটা জল দিলে চোখের -- সব যেদিন ভীষন অ  
াবেগে  
শোনাচ্ছিলে  
আমাকে, বোঝাতে চাইছিলে আমাকে খুব ভালোবাসো, আমি বুঝে নিলাম  
তুমি  
আমাকে এখন  
আর একটুও ভালোবাসো না।  
ভালোবাসা ফুরোলেই মানুষ হিসেব কষতে বসে, তুমিও বসেছো।

ভালোবাসা ততদিনই ভালোবাসা  
যতদিন এটি অন্ধ থাকে, বধির থাকে,  
যতদিন এটি বেহিসেবী থাকে।

তসলিমা নসরিন

